

সংস্কৃত

তারিখ:
পৃষ্ঠা: ৩ কলাম: ৬.....



আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে গতকাল প্রশিকা সবুজবাগ শাখা একটি র্যালি বের করে
-যুগান্তর

সবুজবাগ এলাকায় প্রশিকার বিশ্ব সাক্ষরতা দিবস উদযাপন

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে প্রশিকা সবুজবাগ উন্নয়ন এলাকায় গতকাল র্যালি ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করে। সকাল ১০টায় প্রশিকা শিক্ষালয়ের ছাত্রছাত্রী, অভিভাবক ও বিভিন্ন গ্রাম/বস্তি ফেডারেশনে প্রায় ২ হাজার সদস্য-সদস্যা ব্যানার ও ফেস্টুনসহ এক বর্ণাঢ্য র্যালিতে অংশগ্রহণ করেন। র্যালির উদ্বোধন করেন ২৭ নম্বর ওয়ার্ড কমিশনার গোলাম হোসেন। র্যালিটি প্রশিকা সবুজবাগ উন্নয়ন এলাকা কার্যালয় থেকে শুরু হয়ে বিশ্বরোডসহ এলাকার বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ করে আবার অফিস কার্যালয়ে এসে শেষ হয়। র্যালিতে ৭ নম্বর বিভাগের বিভাগীয় সমন্বয়কারী নাসিমা আক্তার, সবুজবাগ উন্নয়ন এলাকার এলাকা সমন্বয়কারী জিন্নাত রায়হান সুমিসহ এলাকার সব পর্যায়ের কর্মীবৃন্দ অংশগ্রহণ করেন। সংবাদ বিজ্ঞপ্তি।